



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩০ মে ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

লক্ষ্মীছড়িতে ইউপিডিএফের দুই সংগঠককে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক সচিব চাকমা আজ বুধবার, ৩০ মে ২০১৮ সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে লক্ষ্মীছড়ি উপজেলার যতীন্দ্র কার্বারী পাড়া এলাকা থেকে সেনাবাহিনী কর্তৃক ইউপিডিএফ-এর দুই সংগঠককে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, আজ বেলা আড়াইটার দিকে লক্ষ্মীছড়ি সেনা জোন থেকে একদল সেনা সদস্য উপজেলার যতীন্দ্র পাড়ায় হানা দিয়ে অন্যায়ভাবে ইউপিডিএফ'র লক্ষ্মীছড়ি উপজেলা ইউনিটের সংগঠক পুলক চাকমা ও অমর চাকমাকে গ্রেফতার করেছে এবং তাদের উপর ব্যাপক শারীরিক নির্যাতন চালিয়েছে। এছাড়া সেনারা চিক্কন্যা চাকমা(২২) নামে মৃগী রোগাক্রান্ত স্থানীয় এক যুবককেও গ্রেফতার-নির্যাতন করেছে বলেও তিনি অভিযোগ করেন।

ইউপিডিএফ'র উপর চরম রাজনৈতিক দমন-পীড়ন চালানো হচ্ছে উল্লেখ করে তিনি আরো বলেন, সরকার-সেনাবাহিনী পরিকল্পিতভাবে একদিকে নব্য মুখোশ ও জেএসএস সংস্কারপত্নী সশস্ত্র সন্ত্রাসীদের লেলিয়ে দিয়ে ইউপিডিএফ নেতা-কর্মী-সমর্থকদের হত্যা-গুম-অপহরণ করছে, অপরদিকে অন্যায়ভাবে গ্রেফতার-নির্যাতনসহ মিথ্যা মামলা দিয়ে নানা হয়রানি করছে।

বিবৃতিতে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বলেন, শত দমন-পীড়ন চালিয়েও ইউপিডিএফকে দমিয়ে রাখা যায়নি, ভবিষ্যতেও যাবে না। সকল ধরনের নিপীড়ন-নির্যাতন ও বাধা-বিপত্তি মোকাবেলা করে মুক্তিকামী জনগণকে সাথে নিয়ে ইউপিডিএফ তার ন্যায়সঙ্গত আন্দোলন চালিয়ে যাবে।

ইউপিডিএফ নেতা অবিলম্বে অন্যায় দমন-পীড়ন ও ধরপাকড় বন্ধ করে পার্বত্য চট্টগ্রামে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করার দাবিসহ গ্রেফতারকৃতদের নিঃশর্ত মুক্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।